ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ৭ম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ২ বৈশাখ ১৪২৪, ১৫ এপ্রিল ২০১৭

বাংলা নববর্ষ উপলক্ষে উপাচার্যের শুভেচ্ছা

অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বাংলা নববর্ষ-১৪২৪ উপলক্ষে বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্যসহ দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি তাদের সুখ-শান্তি, উন্নতি, সমৃদ্ধি ও মঙ্গল কামনা করেন। একই সাথে ক্যাম্পাসে উৎসবমুখর পরিবেশে সুশৃঙ্খলভাবে বাংলা বর্ষবরণ অনুষ্ঠান উদযাপনের জন্য সর্বস্তরের জনগণকে ধন্যবাদ জানিয়েছেন। 'ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্‌যাপন কমিটি' গৃহীত সকল কর্মসূচীর সফল বাস্তবায়নে ছাত্র, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, বিএনসিসি, রোভার, রেঞ্জার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, র‍্যাব ও বিভিন্ন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও গণমাধ্যমসহ সকলের সর্বাত্মক সহযোগিতার জন্য উপাচার্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

বাংলা নববর্ষ-১৪২৪ উদযাপন উপলক্ষে গত ১৪ এপ্রিল ২০১৭ (১লা বৈশাখ ১৪২৪) সকাল ৯টায় ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদ প্রাঙ্গণ থেকে সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে মঙ্গল শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রায় অংশ নেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ঢাবি শিক্ষক সমিতি সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থীসহ ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল শ্রেণী পেশার মানুষ।

পারমাণবিক অস্ত্র মুক্ত বিশ্ব শীর্ষক আন্তর্জাতিক সেমিনার

বিশ্বের নিরাপত্তার স্বার্থে পারমাণবিক নিরস্ত্রীকরণ করতে হবে - উপাচার্য



ঢাকা বিশ্ববিদ্যালয় এবং পার্লামেন্টারিয়ানস্ ফর নিউক্লিয়ার নন-প্রোলিফারেশন এন্ড ডিজারমামেন্ট (পিএনএনডি)-এর যৌথ উদ্যোগে "পারমাণবিক অস্ত্র মুক্ত বিশ্ব" শীর্ষক এক আন্তর্জাতিক সেমিনার গত ৭ এপ্রিল ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে সেমিনারে পিএনএনডি-এর প্রধান সমন্বয়কারী এ্যালান আয়ার, বাংলাদেশের জাতীয় সংসদ সদস্য মঈন উদ্দিন খান বাদল এমপি, নিউজিল্যান্ডের সংসদ সদস্য মাথ রবসন, ভারতের সংসদ সদস্য মণি শংকর আয়ার এবং যুক্তরাজ্যের পিএনএনডি'র উপদেষ্টা লি সিম বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক পারমাণবিক অস্ত্রের বিস্তাররোধ এবং পারমাণবিক নিরস্ত্রীকরণের লক্ষ্যে আরও সোচ্চার হওয়ার জন্য ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, এক্ষেত্রে বিভিন্ন দেশের সংসদ সদস্যকে অব্যাহতভাবে যৌক্তিক প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। শক্তিধর দেশসমূহের সংঘাতের কারণে ভবিষ্যৎ পৃথিবী যেন ধ্বংস না হয়, এজন্য পারমাণবিক অস্ত্রের পূর্ণাঙ্গ নিরস্ত্রীকরণ প্রয়োজন। শুধু আমাদের আঞ্চলিক নিরাপত্তার স্বার্থেই নয়, বরং সমগ্র বিশ্বের নিরাপত্তার স্বার্থে পারমাণবিক নিরস্ত্রীকরণ করতে হবে। এক্ষেত্রে ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নের ভূমিকার প্রতি তিনি সমর্থন জানান। উপাচার্য ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদে প্রদত্ত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ উদ্ধৃত করে বলেন, সব মানুষের খাদ্য, নিরাপত্তা ও শান্তি নিশ্চিত করতে অবশ্যই আমাদের পারমাণবিক অস্ত্রের প্রতিযোগিতা বন্ধ করতে হবে।

উৎসবমুখর পরিবেশে ক্যাম্পাসে বাংলা নববর্ষ উদ্‌যাপন

"মুছে যাক গ্লানি ঘুচে যাক জরা / অগ্নিস্নানে শুচি হোক ধরা" মর্মবাণী ধারণ করে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উদ্‌যাপিত হয়েছে বাংলা নববর্ষ-১৪২৪। ঐক্য ও অসাম্প্রদায়িকতার ডাক দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ১৪ এপ্রিল ২০১৭ (১লা বৈশাখ ১৪২৪) সকাল ৯টায় চারুকলা অনুষদ প্রাঙ্গণ থেকে নববর্ষ আবাহনের বর্ণময় আকর্ষণ মঙ্গল শোভাযাত্রার উদ্বোধন করেন। এ বছর মঙ্গল শোভাযাত্রার প্রতিপাদ্য ছিল 'আনন্দলোকে মঙ্গলালোকে বিরাজ সত্য সুন্দর'। শোভাযাত্রায় অংশ নেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রমুখ। শিক্ষক-শিক্ষার্থীসহ ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল শ্রেণী পেশার মানুষের অংশগ্রহণে শোভাযাত্রাটি বাঙালির মিলনমেলায় পরিণত হয়। শাহবাগ মোড়, হোটেল রূপসী বাংলা, টিএসসি হয়ে চারুকলায় এসে শোভাযাত্রাটি শেষ হয়। এছাড়া, বাঙালির এ প্রাণের উৎসবে অংশ নেন অনেক বিদেশি পর্যটকও।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশ্ববিদ্যালয় পরিবারসহ সকলকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বলেন, "লেখাপড়ার পাশাপাশি সুস্থ সংস্কৃতি চর্চার প্রয়োজন। অপসংস্কৃতি ও সব ধরনের মন্দ কাজ থেকে বিরত থাকতে সাংস্কৃতিক শিক্ষারও কোন বিকল্প নেই।

* ২য় পৃষ্ঠায় দেখুন

ঢাবি ও রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের যৌথ সাংস্কৃতিক অনুষ্ঠান

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৭ উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ও ভারতের কলকাতাস্থ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে গত ২৯ মার্চ ২০১৭ বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের সম্মেলন কক্ষে দু'দিনব্যাপী সাংস্কৃতিক উৎসবের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রবীন্দ্র অধ্যাপক মহুয়া মুখার্জী, আয়োজক কমিটির সমন্বয়ক ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের চেয়ারপার্সন ড. মহসীনা আক্তার খানম (লীনা তাপসী), রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ইন্দ্রানী ঘোষসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন ভারতের প্রথম সচিব (শিক্ষা) জিষ্ণু মুখার্জী, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ডিন অধ্যাপক দেবাশীষ মন্ডল, ড. কঙ্কনা মিত্র, শ্রী বিশ্বজিৎ ভট্টাচার্য, অধ্যাপক চিত্ত মন্ডল, পার্থ মুখোপাধ্যায়, তৃষিত চৌধুরী, দেবজ্যোতি চন্দ্র, অমর্ত সাহা এবং হৃত্বিক ব্যানার্জী।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তাঁর বক্তব্যে বলেন, ভৌগলিকভাবে বাংলাদেশ ও ভারতের মধ্যে সীমারেখা থাকলেও মানসিকভাবে এবং ঐতিহ্যগতভাবে আমরা এক। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় ভারতের ভূমিকার প্রশংসা করে মিত্রবাহিনীর যেসব সদস্য সে সময়ে শহীদ হয়েছেন উপাচার্য তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। উপাচার্য বলেন, মুক্তিযুদ্ধের সময় প্রায় ১কোটি শরনার্থীকে আশ্রয় দিয়ে ভারত যে ভ্রাতৃত্ব দেখিয়েছে তার জন্য শ্রীমতি ইন্দিরা গান্ধীর কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করতে হয়। উপাচার্য আরও বলেন, দু'টি বিশ্ববিদ্যালয় যৌথ অনুষ্ঠানের মাধ্যমে দুই দেশের মানুষকে আরও কাছাকাছি আনা যাবে। এর মাধ্যমে বাংলা সাহিত্য ও শিল্পকলায় সর্বোপরি সাংস্কৃতিক বিনিময়ের দ্বারা দু'টি বিশ্ববিদ্যালয়ের মধ্যেও সম্পর্ক আরও গভীর ও উন্নত হবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ্য, গত ২৮ মার্চ ২০১৭ মঙ্গলবার রাতে বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের সম্মেলন কক্ষে দু'দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

'মুক্তিযুদ্ধ ও ঢাকা বিশ্ববিদ্যালয়' শীর্ষক সেমিনার

সন্ত্রাসমুক্ত সমাজ গঠনে মুক্তিযুদ্ধের চেতনায় জীবন পরিচালিত করতে হবে - উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় উচ্চতর মানববিদ্যা গবেষণা কেন্দ্রের উদ্যোগে গত ৩০ মার্চ ২০১৭ লেকচার থিয়েটার ভবনের মমতাজুর রহমান তরফদার সভাকক্ষে "মুক্তিযুদ্ধ ও ঢাকা বিশ্ববিদ্যালয়" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসেবে দিনব্যাপী সেমিনারের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। সেমিনার সঞ্চালনা করেন কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. কাজল বন্দ্যোপাধ্যায়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই ধরনের অনুষ্ঠান আয়োজনের জন্য মানববিদ্যা গবেষণা কেন্দ্রকে ধন্যবাদ জানিয়ে বলেন, এই মার্চ মাস বাঙালি জাতির জন্য এক গুরুত্বপূর্ণ মাস। মুক্তিযুদ্ধ চলাকালীন অগণিত শহীদের আত্মবলিদানের কথা স্মরণ করে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের প্রতি উপাচার্য শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, মুক্তিযুদ্ধের কথা তরুণ প্রজন্মের মধ্যে ছড়িয়ে দিতে হবে। তাদের প্রকৃত সত্য জানাতে হলে এই ধরনের কার্যক্রম

* ২য় পৃষ্ঠায় দেখুন

ঢাবি রোকেয়া হলের ২০১১-২০১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান গত ৭ এপ্রিল ২০১৭ হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিদায়ী শিক্ষার্থীদের হাতে ক্রেস্ট তুলে দেন। এসময় হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নাজমা শাহীন উপস্থিত ছিলেন। ছবিতে উপাচার্যের সাথে বিদায়ী শিক্ষার্থীদের দেখা যাচ্ছে।

আবহাওয়া বিজ্ঞান বিভাগের অফিস উদ্বোধন

ঢাকা বিশ্ববিদ্যালয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের অফিস গত ২ ফেব্রুয়ারি ২০১৭ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে। কাজী মোতাহার হোসেন ভবনের তৃতীয় তলায় স্থাপিত এই অফিসের উদ্বোধন করেন প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

বিভাগীয় চেয়ারপার্সন অধ্যাপক ড. তৌহিদা রশীদের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক আশা প্রকাশ করে বলেন, জ্ঞান-বিজ্ঞানের সম্প্রসারণে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠালগ্ন থেকে নানান প্রচেষ্ট অব্যাহত রেখেছে। তারই ধারাবাহিকতায় এই বিশ্ববিদ্যালয়ে আবহাওয়া বিজ্ঞান বিভাগ খোলা হয়েছে। নতুন এই বিভাগের উন্নয়ন ও অগ্রগতিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন সার্বিক সহযোগিতা প্রদান করবে।

বাংলাদেশের জন্য কার্যকর জাতীয় উদ্ভাবন পদ্ধতি বিষয়ক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন ও অন্ট্রাপ্রেনারশিপ ল্যাব-এর উদ্যোগে গত ২২ মার্চ ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে "বাংলাদেশের জন্য কার্যকর জাতীয় উদ ্ভাবন পদ্ধতি: সরকার, বিশ্ববিদ্যালয়, শিল্প এবং উন্নয়ন সহযোগীদের ভূমিকা" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন সংস্থার কার্যনির্বাহী চেয়ারম্যান কাজী আমিনুল ইসলাম এবং বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. আতিউর রহমান, জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. মিজানুর রহমান, শিক্ষা মন্ত্রণালয়ের পরিকল্পনা প্রধান মনিরুল ইসলাম এবং বিশ্বব্যাংক গ্রুপের ইন্টারন্যাশনাল ফিন্যান্স করপোরেশনের জ্যেষ্ঠ অর্থনীতিবিদ মাস্রুর রিয়াজ। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোইকা'র দক্ষিণ-পশ্চিম এশিয়ার মহাপরিচালক জাং সাং-হুন।

সেমিনারে উট রব-খধন -এর প্রতিষ্ঠাতা পরিচালক এবং অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশিপ বিভাগের সহকারী অধ্যাপক মো. রাশেদুর রহমান ও ম্যানেজমেন্ট বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. শরিয়ত উল্লাহ মূল প্রবন্ধ উপস্াপন করেন। অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন ইউএনডিপি'র সহকারী কান্ট্রি ডিরেক্টর খুরশিদ আলম, আইপিডিসি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মমিনুল ইসলাম, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সচিব জহিরুল হক এবং এক্সেস টু ইনফরমেশন ইনোভেশন এসোসিয়েট শাখাওয়াতুল ইসলাম।

সেমিনারে বক্তারা বাংলাদেশে কার্যকর জাতীয় উদ্ভাবন পদ্ধতি কাঠামো তৈরির প্রয়োজনীয়তা তুলে ধরেন। তাঁরা এদেশের শিক্ষিত জনগোষ্ঠীকে ইনোভেশনের প্রতি আগ্রহী করে তুলতে বিভিন্ন অংশীদারের সঙ্গে সহযোগিতার পরিবেশ তৈরির আহ্বান জানান।

সন্ত্রাসমুক্ত সমাজ গঠনে মুক্তিযুদ্ধের চেতনায়

(১ম পৃষ্ঠার পর) চালিয়ে যেতে হবে। মুক্তিযুদ্ধের প্রসঙ্গ টেনে উপাচার্য আরও বলেন, অশিক্ষা, কুশিক্ষা ও জঙ্গিবাদ থেকে মুক্তির সংগ্রাম এখনও অব্যাহত আছে। মানবতার সংকট বর্তমানে খুবই প্রকট, সন্ত্রাসমুক্ত সমাজ গঠনে মুক্তিযুদ্ধের চেতনায় জীবন পরিচালিত করতে হবে।

সেমিনারের উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন কেন্দ্রের সভাপতি অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম। এতে "ঢাকা বিশ্ববিদ্যালয়ে গড়ে ওঠা মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য নিদর্শন: পর্যালোচনা" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সংখ্যাতিরিক্ত অধ্যাপক ড. আয়শা বেগম এবং "জ্যোতির্ময় যে জীবন" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় বিশ্ববিদ্যালয় ইংরেজী বিভাগের অধ্যাপক ড. মোবাশ্বেরা খানম। সেমিনারে বিকেলের পর্বে সভাপতিত্ব করেন সমাজবিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক কে এ এম সা'দ উদ্দিন। এতে "মুক্তিযুদ্ধ ও ষাটের দশকের ঢাকা বিশ্ববিদ্যালয়: কিছু কথা" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক এবং "বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ঢাকা বিশ্ববিদ্যালয়: একটি পর্যালোচনা" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. আবদুল বাছির।

উৎসবমুখর পরিবেশে

(১ম পৃষ্ঠার পর) উপাচার্য আরও বলেন, "পহেলা বৈশাখে মঙ্গল শোভাযাত্রায় সুশৃঙ্খলভাবে অংশগ্রহণ করার মাধ্যমে বাঙালি জাতি নিজেদের ইতিহাস ও ঐতিহ্য বিশ্ববাসীর কাছে তুলে ধরেন। পাশাপাশি দেশ ও বিশ্ববাসীর জন্য মঙ্গল কামনা করা হয়। এ বছর থেকে বাংলা নববর্ষে ভিন্ন একটি মাত্রা যোগ হয়েছে। ইউনেস্কো মঙ্গল শোভাযাত্রাকে আন্তর্জাতিক স্বীকৃতি দিয়েছে। এতে আমাদের দায়িত্ব আরও বেড়ে গেছে। নববর্ষ সবার জীবনে সুখ, শান্তি, সমৃদ্ধি বয়ে আনুক- এটাই কামনা করি।"

বর্ষবরণ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের উদ্যোগে ঐতিহাসিক বটতলায় সংগীতানুষ্ঠান এবং থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগের উদ্যোগে নাটমন্ডল চত্বরে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ।

এছাড়া, বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে দিনব্যাপী এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীগণ এ অনুষ্ঠান উপভোগ করেন।

বর্ষবরণ উপলক্ষে সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে এক বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। এ সময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের সভাপতি অধ্যাপক ড. এ বি এম শহিদুল ইসলাম এবং সম্পাদক অধ্যাপক ড. মোহাম্মদ বাহাউদ্দিন উপস্থিত ছিলেন।

সাযযাদ কাদির-এর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র, প্রখ্যাত কবি, সাহিত্যিক ও সাংবাদিক সাযযাদ কাদির-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, সাযযাদ কাদির ছিলেন একজন শিক্ষক, কিন্তু শিক্ষকতা ছেড়ে তিনি সাংবাদিকতা পেশা বেছে নিয়েছিলেন এবং সেক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করে সুনাম অর্জন করেন। তিনি বাংলা সাহিত্যের ষাটের দশকের অন্যতম কবি হিসেবে খ্যাতি অর্জন করেন। তিনি প্রাবন্ধিক হিসেবেও পরিচিত ছিলেন।

উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

গবেষণা, শিশুতোষ, সম্পাদনা, সংকলন, অনুবাদসহ বিভিন্ন বিষয়ে ৬০টির বেশি গ্রন্থ রচনা করেছেন তিনি। তার প্রকাশিত গ্রন্থগুলোর মধ্যে রয়েছে- যথেচ্ছ ধ্রুপদ (১৯৭০), চন্দনে মৃগপদচিহ্ন (১৯৭৬), লাভ স্টোরি (১৯৭৭), রাজরূপসী, প্রেমপাঁচালী, হারেমের কাহিনী, অপর বেলায়, নারীঘটিত (২০১২), খেই (২০১২), বৃষ্টিবিলীন, অন্তর্জাল (২০০৮), রবীন্দ্রনাথ : শান্তিনিকেতন (২০১২), রবীন্দ্রনাথ : মানুষটি (২০১২)।

উল্লেখ্য, সাযযাদ কাদির গত ৬ এপ্রিল ২০১৭ চিকিৎসাধীন অবস্থায় রাজধানীর একটি হাসপাতালে ইন্তেকাল করেন। তাঁর বয়স হয়েছিল ৭০ বছর।

ঢাবি শহীদ পরিবার কল্যাণ সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদ পরিবার কল্যাণ সমিতির নয়-সদস্যবিশিষ্ট নতুন কার্যকরী পরিষদ গঠিত হয়েছে। পরিষদের নেতৃবৃন্দ হচ্ছেন: সভাপতি- হাজী মো: মিন্নত আলী; সহ-সভাপতি- মো: শাহজালাল, সাধারণ সম্পাদক- দিলীপ কুমার দাস; সহ-সাধারণ সম্পাদক- মো: ইদ্রিস; কোষাধ্যক্ষ- কানাই রঞ্জন দে; সাংগঠনিক ও সমন্বয়কারী- মো: হাবিবুর রহমান; মহিলা সম্পাদিকা- মিসেস সায়কা এবং সদস্য- বিন্দু রায় ও মো: জাফর।

ঢাবি এবং সিঙ্গাপুর এয়ারলাইন্স-এর মধ্যে চুক্তি স্বাক্ষর

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সিঙ্গাপুর এয়ারলাইন্স লিমিটেড-এর মধ্যে গত ৫ এপ্রিল ২০১৭ একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং সিঙ্গাপুর এয়ারলাইন্স লিমিটেড-এর জেনারেল ম্যানেজার টুই মিন ওয়াং নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম ও কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

এই চুক্তির আওতায় সিঙ্গাপুর এয়ারলাইন্স কর্তৃপক্ষ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, স্টাফ এবং তাদের স্ত্রী-সন্তানদের ঢাকা-সিঙ্গাপুর ও ইউরোপ-আমেরিকার বিভিন্ন দেশ ভ্রমণে বিমান ভাড়ার ক্ষেত্রে ডিসকাউন্ট দেবে। ডিসকাউন্ট সুবিধাপ্রাপ্তদের তালিকা ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সরবরাহ করবে।

কোরিয়ার কিউংসাং ইউনিভার্সিটি'র সঙ্গে ঢাবি'র সমঝোতা স্মারক স্বাক্ষর

শিক্ষা, গবেষণা ও সাংস্কৃতিক ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং দক্ষিণ কোরিয়ার কিউংসাং ইউনিভার্সিটি'র মধ্যে গত ৬ এপ্রিল ২০১৭ এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং কিউংসাং ইউনিভার্সিটি'র প্রেসিডেন্ট ড. সু জিউন সং নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান এবং কিউংসাং ইউনিভার্সিটি'র বৈদেশিক শাখার ডিন অধ্যাপক ড. তাইআওন কিম উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কিউংসাং ইউনিভার্সিটি একাডেমিক কোর্সের আধুনিকায়নের লক্ষ্যে একযোগে কাজ করবে। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক এবং গ্র্যাজুয়েট ও আন্ডারগ্র্যাজুয়েট পর্যায়ের শিক্ষার্থী বিনিময় করা হবে। দুই বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গ্রন্থাগার সংক্রান্ত তথ্য-উপাত্ত, গবেষণা প্রকল্প এবং প্রকাশনা আদান-প্রদান করবে। উভয় বিশ্ববিদ্যালয় যৌথভাবে সম্মেলন, সেমিনার ও কর্মশালার আয়োজন করবে। এই সমঝোতা স্মারক ইতোমধ্যেই কার্যকর হয়েছে। সমঝোতা স্মারকের মেয়াদ হবে ৫ বছর।

গণিত বিভাগে প্রথম নারী গণিত অলিম্পিয়াড

আন্তর্জাতিক নারী দিবস ও পাই ( ) দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগ এবং এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে গত ১৪ মার্চ ২০১৭ বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনের রেজাউর রহমান অডিটোরিয়ামে প্রথম নারী গণিত অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়।

বিভাগীয় শিক্ষকবৃন্দ ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতিতে দিনব্যাপী অনুষ্ঠানমালায় ছিল গণিত বিষয়ে প্রতিযোগিতা, গণিত বিষয়ে মজা, উপস্থাপনা, বক্তৃতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। অলিম্পিয়াডে অংশগ্রহণকারী বিজয়ীদের মধ্যে সনদ, ক্রেস্ট এবং প্রাইজ মানি প্রদান করা হয়। এই অলিম্পিয়াডে ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত, ফলিত গণিত, পরিসংখ্যান, পদার্থ, রসায়ন, রোবটিক্স, আই আই টি, এন এফ এস, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং এবং বুয়েট ও এ আই ইউ বি এর ছাত্রীবৃন্দ অংশগ্রহণ করে।

অনুষ্ঠানে অতিথিবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আব্দুল আজিজ, বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক সাজেদা বানু, এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের চেয়ারম্যান মিসেস এস আর গজনবী, বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটির সাধারণ সম্পাদক জনাব মুনির হাসান, গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মন্ডল এবং সহযোগী অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

চীনের ন্যাশনাল পিপল্‌স কংগ্রেস-এর ভাইস চেয়ারম্যান

চীনের ন্যাশনাল পিপল্‌স কংগ্রেস-এর স্ট্যানডিং কমিটির ভাইস-চেয়ারম্যান মি. চেন চেংজি-এর নেতৃত্বে ৭-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৫ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। এ সময় ঢাকাস্থ চীনা রাষ্ট্রদূত মি. মা মিংকিয়াং, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় কনফুসিয়াস ইনস্টিটিউটের পরিচালক ড. ঝু মিংডং এবং ঢাকাস্থ চীনা দূতাবাসের কয়েকজন পদস্থ কর্মকর্তা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম নিয়ে আলোচনা করেন। উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক চীনের অতিথিদেরকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং শিক্ষা ও গবেষণা কার্যক্রম অবহিত করেন। চীনের ন্যাশনাল পিপল্‌স কংগ্রেস-এর স্ট্যানডিং কমিটির ভাইস-চেয়ারম্যান মি. চেন চেংজি বাংলাদেশ ও চীনের মধ্যে পারস্পরিক অর্থনৈতিক, শিক্ষা, সংস্কৃতিসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও বৃদ্ধি ও জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন। উভয় দেশের মধ্যে নতুন প্রজন্মের শিক্ষার্থী বিনিময়ের মাধ্যমে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার করতে হবে বলে তিনি উল্লেখ করেন।

পরে চীনা প্রতিনিধিদল ঢাকা বিশ্ববিদ্যালয় কনফুসিয়াস ইনস্টিটিউট পরিদর্শন করেন। এ সময় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তাদের সঙ্গে ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সাথে শিক্ষা ও গবেষণা সংক্রান্ত সহযোগিতা জোরদার করতে গভীর আগ্রহ প্রকাশের জন্য চীনা অতিথিদেরকে ধন্যবাদ জানান।

স্পেনের অধ্যাপকদ্বয়

স্পেনের শান্তিয়াগো দি কম্পোসতেলা ইউনিভার্সিটির অধ্যাপক শান্তিয়াগো ফার্নান্দেজ মসকুয়েরা এবং ইউনিভার্সিটি অব একোরুনা'র অধ্যাপক মারিয়া জোসি মার্টিজ লোপেজ গত ৬ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের স্প্যানিশ ভাষা কোর্সের অধ্যাপক আম্পারো পোর্তা রিভাস উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলমান 'স্প্যানিশ ল্যাংগুয়েজ কোর্স' এর কার্যক্রম নিয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের 'স্প্যানিশ ল্যাংগুয়েজ কোর্স' এর শিক্ষার্থীদের জন্য স্পেনে স্কলারশিপ প্রদানের বিষয়েও আলোচনা করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষা ও গবেষণা কার্যক্রম সংক্ষিপ্তভাবে অতিথিদ্বয়কে অবহিত করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর 'স্প্যানিশ ল্যাংগুয়েজ কোর্স' সংক্রান্ত কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদ্বয়কে ধন্যবাদ জানান।

কোইকা প্রতিনিধিদল

কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি'র (কোইকা) দক্ষিণ-পশ্চিম ও এশিয়া প্যাসিফিক অঞ্চলের মহাপরিচালক জুং স্যাং হুন-এর নেতৃত্বে ১৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২২ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছে। কোইকা বাংলাদেশের আবাসিক প্রতিনিধি জো হিউনগু প্রতিনিধি দলের সঙ্গে ছিলেন।

এসময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ম্যানেজমেন্ট বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ শরিয়ত উল্লাহ, অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশিপ বিভাগের সহকারী অধ্যাপক মো: রাশেদুর রহমানসহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা কোইকার আর্থিক সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কোইকার মধ্যে এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও আলোচনা করা হয়।

এরআগে, কোইকা প্রতিনিধি দলের সদস্যরা ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'বাংলাদেশের জন্য কার্যকর জাতীয় উদ্ভাবন পদ্ধতি: সরকার, বিশ্ববিদ্যালয়, শিল্প এবং উন্নয়ন সহযোগীদের ভূমিকা' শীর্ষক এক সেমিনারে অংশগ্রহণ করেন। ঢাকা ইউনিভার্সিটি ইনোভেশন এন্ড অন্ট্রাপ্রেনারশিপ ল্যাব এই সেমিনারের আয়োজন করে।

পিএবিএসইসি মহাসচিব

পার্লামেন্টারি এ্যাসেম্বলি অব দি ব্লাক সি ইকোনমিক কো-অপারেশন (পিএবিএসইসি)-এর সেক্রেটারি জেনারেল আসাফ হাজিয়েভ গত ২ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় তার সঙ্গে ছিলেন ইমেলিয়ারর মিখাইল।

ঢাবি বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং হাজী মুহম্মদ মুহসীন হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো: নিজামুল হক ভূইয়া এসময় উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা এবং আর্থ-সামাজিক উন্নয়নসহ পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে মত বিনিময় করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কৃষ্ণ সাগরীয় অঞ্চলের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা ও সাংস্কৃতিক সম্পর্ক উন্নয়নের ব্যাপারে আলোচনা করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয় তথা বাংলাদেশের সংক্ষিপ্ত ইতিহাস অতিথিদের অবহিত করেন।

মেক্সিকো'র রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত মেক্সিকো'র রাষ্ট্রদূত মিজ মেলবা প্রিয়া গত ৪ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করেছেন। এসময় তার সঙ্গে ছিলেন বাংলাদেশে নিযুক্ত মেক্সিকো'র কনসাল জেনারেল ফয়সাল খান। স্পেনের ভিজিটিং প্রফেসর মিজ মারিয়া আম্পারো পোর্তা রিভাস বৈঠকে উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মেক্সিকো'র বিভিন্ন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা প্রকল্প চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মেক্সিকো'র বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও সাংস্কৃতিক দল বিনিময়ের ওপর গুরুত্বারোপ করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যৌথ সাংস্কৃতিক অনুষ্ঠান, সেমিনার, সিম্পোজিয়াম ও প্রদর্শনী আয়োজনের ব্যাপারেও তারা মত বিনিময় করেন। এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে তারা ঐকমত্যে পৌঁছেন।

পরে, উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং মেক্সিকো'র রাষ্ট্রদূত মিজ মেলবা প্রিয়া নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে "Octavio Paz: Photo-Poetry Dialogues" শীর্ষক দু'দিন ব্যাপী আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় ঢাকাস্থ মেক্সিকোর অনারারি কনস্যুলেট এই প্রদর্শনীর আয়োজন করে। উল্লেখ্য, অক্টাভিও পাজ (১৯১৪-১৯৯৮) ম্যাক্সিকোর কবি, লেখক ও কূটনীতিক ছিলেন। ১৯৯০ সালে তিনি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।

অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটি'র সঙ্গে ঢাবি'র সমঝোতা স্মারক স্বাক্ষর

শিক্ষা ও গবেষণা উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটি'র মধ্যে গত ২৭ মার্চ ২০১৭ এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটি'র উপাচার্য অধ্যাপক বার্নি গ্লোভার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, সমুদ্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: কাউসার আহাম্মদ, অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটি'র স্কুল অব ল' এর অধ্যাপক দাউদ হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটি শিক্ষা ও গবেষণা উন্নয়নে একযোগে কাজ করবে। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে ছাত্র-শিক্ষক বিনিময় এবং তথ্য-উপাত্ত আদান-প্রদান করা হবে। এই দু'বিশ্ববিদ্যালয় সমুদ্র নিয়ন্ত্রণ বিষয়ক যৌথ গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠা করবে। এছাড়া, সমুদ্র ও উপকূল বিষয়ে যৌথ সম্মেলন, সেমিনার, স্বল্প মেয়াদী কোর্স ও প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হবে।

দেব স্মারক বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয় গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্রের উদ্যোগে 'দেব স্মারক বক্তৃতা-২০১৬' গত ৫ এপ্রিল ২০১৭ আর. সি. মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদের সভাপতিত্বে অনুষ্ঠানে 'গৌতম বুদ্ধের দুঃখ-দর্শন' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন দর্শন বিভাগের অধ্যাপক ড. আজিজুন্নাহার ইসলাম। আলোচনায় অংশ নেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো: দেলোয়ার হোসেন ও দর্শন বিভাগের প্রবীণ অধ্যাপক ড. আমিনুল ইসলাম। গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. প্রদীপ কুমার রায় অনুষ্ঠান সঞ্চালন করেন।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ সন্ত্রাস ও জঙ্গিবাদমুক্ত সুন্দর পৃথিবী গড়ে তোলার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, লোভ-লালসা ও হিংসা-বিদ্বেষ পরিহার করে সবাইকে মানব কল্যাণের জন্য কাজ করতে হবে।

চীনের ন্যাশনাল পিপল্‌স কংগ্রেস-এর স্ট্যানডিং কমিটির ভাইস-চেয়ারম্যান মি. চেন চেংজি গত ৫ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

বাংলাদেশে নিযুক্ত মেক্সিকো'র রাষ্ট্রদূত মিজ মেলবা প্রিয়া গত ৪ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করেছেন।

পার্লামেন্টারি এ্যাসেম্বলি অব দি ব্লাক সি ইকোনমিক কো-অপারেশন (পিএবিএসইসি)-এর সেক্রেটারি জেনারেল আসাফ হাজিয়েভ গত ২ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় তার সঙ্গে ছিলেন ইমেলিয়ারর মিখাইল।

স্পেনের শান্তিয়াগো দি কম্পোসতেলা ইউনিভার্সিটির অধ্যাপক শান্তিয়াগো ফার্নান্দেজ মসকুয়েরা এবং ইউনিভার্সিটি অব একোরুনা'র অধ্যাপক মারিয়া জোসি মার্টিজ লোপেজ গত ৬ এপ্রিল ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের স্প্যানিশ ভাষা কোর্সের অধ্যাপক আম্পারো পোর্তা রিভাস উপস্থিত ছিলেন।

কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি'র (কোইকা) দক্ষিণ-পশ্চিম ও এশিয়া প্যাসিফিক অঞ্চলের মহাপরিচালক জুং স্যাং হুন-এর নেতৃত্বে ১৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২২ মার্চ ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

'সুস্বাস্থ্যের জন্য প্রতিদিন সাইকিং করুন; যানজট, দুর্ঘটনা রোধে সাইকেল লেন চাই বাস্তবায়ন' প্রতিপাদ্য নিয়ে "৬ষ্ঠ তম সাইকেল লেন দিবস" পালন উপলক্ষে বাংলাদেশ সাইকেল লেন বাস্তবায়ন পরিষদসহ ৪১টি জাতীয় ভিত্তিক সামাজিক ও পরিবেশবাদী সংগঠনের উদ্যোগে গত ৭ এপ্রিল ২০১৭ কেন্দ্রীয় শহিদ মিনার প্রাঙ্গণে সাইকেল র‌্যালির উদ্বোধন করা হয়। র‌্যালি উদ্বোধন শেষে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিককে সাইকেলযোগে ক্যাম্পাস প্রদক্ষিণ করতে দেখা যাচ্ছে।

'বঙ্গবন্ধু ও ঢাকা বিশ্ববিদ্যালয়' শীর্ষক গ্রন্থের প্রকাশনানুষ্ঠান

ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. শেখ আবদুস সালাম-এর 'বঙ্গবন্ধু ও ঢাকা বিশ্ববিদ্যালয়' শীর্ষক বইয়ের প্রকাশনা অনুষ্ঠান গত ১৩ মার্চ ২০১৭ বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনস্থ অ্যালামনাই ফ্লোরে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী মোহাম্মদ নাসিম প্রমুখ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, মাত্র ১৮ মিনিটের ভাষণে দেশ জয় এবং বিশ্ব জয় করেছিলেন সুদর্শন ও আকর্ষণীয় ব্যক্তিত্ব জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। যার ভাষণ শুনতে লক্ষ লক্ষ মানুষ সোহ্‌রাওয়ার্দী উদ্যানে জমায়েত হয়েছিল। ইতিহাস সবসময় থাকবে এবং বঙ্গবন্ধু মানুষের হৃদয়ে বিরাজ করবেন।

সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শুরুতেই বঙ্গবন্ধুসহ মুক্তিযুদ্ধে ৩০



লক্ষ শহীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। স্মরণ করেন মুক্তিযুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অগণিত শহীদ শিক্ষক-শিক্ষার্থী-কর্মকর্তা-কর্মচারীবৃন্দের আত্মত্যাগের কথা। গ্রন্থ প্রসঙ্গে উপাচার্য বলেন, লেখক তাঁর গ্রন্থে বঙ্গবন্ধুর কিছু দুর্লভ ছবি ছাড়াও তাঁর রাজনৈতিক, সামাজিক ও পারিবারিক জীবন তুলে ধরেছেন। বঙ্গবন্ধুর সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক অবিচ্ছেদ্য। নতুন প্রজন্ম যাদের বঙ্গবন্ধুকে দেখার সৌভাগ্য হয়নি তাদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, বঙ্গবন্ধুর স্মৃতি, আদর্শ ও দর্শনকে সামনে রেখে এগিয়ে যেতে হবে।পরিশেষে উপাচার্য গ্রন্থকারকে এ গ্রন্থ রচনার জন্য ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় গবেষণা ব্যুরোর চেয়ারম্যান অধ্যাপক ড. শফিক আহমেদ সিদ্দিক, বিশিষ্ট সাংবাদিক সৈয়দ আবুল মকসুদ, ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই এ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ প্রমুখ। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন গ্রন্থের প্রকাশনা প্রতিষ্ঠান একাত্তর প্রকাশনীর মো. জাহাঙ্গীর হোসেন, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার, গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি আবু আলম মো. শহীদ খান

কবি সুফিয়া কামাল হলের বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় কবি সুফিয়া কামাল হলের ৩য় বার্ষিক ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২৭ মার্চ ২০১৭ হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিজয়ী শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট তুলে দেন।

কবি সুফিয়া কামাল হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সাবিতা রেজওয়ানা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে হলের আবাসিক শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

অধ্যাপক হাবিবা খাতুন বৃত্তি পেলেন ৩ শিক্ষার্থী

বিএ স্নাতক (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ৩জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক ড. হাবিবা খাতুন বৃত্তি' লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন- খান মাহবুব মোর্শেদ, মো: সানাউল্লাহ ও সাথী খাতুন। গত ২৩ মার্চ ২০১৭ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো: দেলোয়ার হোসেন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো: মাহফুজুল ইসলাম, ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক ড. হাবিবা খাতুন ও বিভাগীয় শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে বলেন, সমৃদ্ধ বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের কার্যকর ভূমিকা পালন করতে হবে।

উল্লেখ্য, অধ্যাপক ড. হাবিবা খাতুন ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অবসরপ্রাপ্ত শিক্ষক।

শামসুন নাহার মাহমুদ ফাউন্ডেশন স্বর্ণপদক ও বৃত্তি প্রদান এবং স্মারক বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হলে 'শামসুন নাহার মাহমুদ ফাউন্ডেশন স্বর্ণপদক ও বৃত্তি, প্রভোস্ট বৃত্তি এবং বার্ষিক সাহিত্য-সংস্কৃতি ও অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা'র পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ১৯ মার্চ ২০১৭ হল অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক ও সনদপত্র তুলে দেন। একই সঙ্গে উপাচার্য হলের বার্ষিক সাহিত্য-সংস্কৃতি ও অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতারও পুরস্কার বিতরণ করেন।

শামসুন নাহার মাহমুদ ফাউন্ডেশনের সভাপতি বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে "মন্দাক্রান্তা ছন্দে বঙ্গনারীর সংস্কৃতিচর্চা" শীর্ষক ফাউন্ডেশন বক্তৃতা প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয় রবীন্দ্র চেয়ার অধ্যাপক ড. মহুয়া মুখোপাধ্যায়। সদস্য-সচিবের বক্তব্য প্রদান করেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা এবং স্বাগত বক্তব্য প্রদান করেন প্রিন্সিপ্যাল আবাসিক শিক্ষক সৈয়দা মমতাজ শিরিন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথির বক্তব্যের শুরুতেই মহান স্বাধীনতার এই মাসে মুক্তিযুদ্ধে লক্ষ প্রাণের আত্মদান এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, মার্চ মাস স্বাধীনতার মাস। এই মাস আসার অর্থ আমাদের সামনের দিকে অগ্রসর হওয়া। কেননা একাত্তরের মার্চ মাস আমাদের অস্তিত্বের ভীত রচনা করেছে। এ মাস অত্যন্ত গুরুত্বপূর্ণ মাস, আমাদের তা উপলব্ধি করতে হবে। কেননা মহীয়সী নারী বেগম রোকেয়া, শামসুন নাহার মাহমুদ-এরা কঠিন সময় পার করে অগ্রযাত্রার সূচনা করেছিলেন। তাদেরই দেখানো পথে, তাদেরই জাগরণ প্রচেষ্টার আলোকস্পর্শে আজ প্রতিটি পেশায় নারীরা দৃশ্যমান।

২০১৭ শিক্ষাবর্ষে শামসুন নাহার মাহমুদ ফাউন্ডেশনের স্বর্ণপদক পেয়েছেন- তনুশ্রী দেব নাথ। মেধাবৃত্তি লাভ করেছেন- তামান্না আক্তার, শিখা সাহা, রিফাত পারভীন, ইফতিসাম প্রীতি, মোছা: বিউটি খাতুন, রিফাত আরা মাসুদ ও কনিকা আক্তার। সাধারণ বৃত্তি পেয়েছেন- রাব্বি সুলতানা, নাসরিন, সুমনা হক, মোছা: বিউটি আক্তার ও মরিয়ম হাসনা এবং এককালীন বই সাহায্য বৃত্তি পেয়েছেন রিকছেমিন সুমনা, কেয়া দত্ত ও লিমা আক্তার। প্রভোস্ট বৃত্তি লাভ করেছেন- নুসরাত জাহান, জ্যোতি রায়, ইসরাত দিলরুবা শিশু, ইমা আক্তার, শারমিন আক্তার ও জয়শ্রী পাল।

এছাড়া, বার্ষিক সাহিত্য-সংস্কৃতি ও অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা'র পুরস্কারপ্রাপ্তরা হলেন, সংস্কৃতি চ্যাম্পিয়ন- আনন্দময়ী কুন্ডু, সাতিহ্য চ্যাম্পিয়ন- সাঈদা বিনতে আসাদ, ক্রীড়া আউটডোর চ্যাম্পিয়ন- সাদিয়া ইসলাম মুনা, ইনডোর চ্যাম্পিয়ন- সামিয়াজ জাহান প্রাপ্তি এবং দৃষ্টি প্রতিবন্ধী বৃত্তি লাভ করেছেন রত্না বিশ্বাস।

এলজি লাইফ্‌স গুড প্রতিবন্ধী শিক্ষার্থী ট্রাস্ট ফান্ড গঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে "এলজি লাইফ্‌স গুড প্রতিবন্ধী শিক্ষার্থী ট্রাস্ট ফান্ড" গঠন করা হয়েছে। এই ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে এলজি ইলেকট্রনিক্স বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক

এ্যাডওয়ার্ড কিম ১০ লাখ টাকার একটি চেক গত ২১ মার্চ ২০১৭ কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, কলা অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. প্রদীপ কুমার রায়, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে "এলজি লাইফ্‌স গুড ট্রাস্ট ফান্ড বৃত্তি" প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। এই অনুদানের মাধ্যমে প্রতিবন্ধী শিক্ষার্থীরা উপকৃত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, এলজি ইলেকট্রনিক্স হচ্ছে দক্ষিণ কোরিয়া ভিত্তিক একটি বহুজাতিক কোম্পানি।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫